# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

স্মারক নং- জঃপৌঃসঃ/প্রকৌঃ/২০১৯-২০২০/ ৩২ তারিখ- ০৫/০৭/২০১৯ইং

## সভার নোটিশ

জয়পুরহাট পৌরসভার দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটির (অতিরিক্ত স্থায়ী কমিটি) সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে, কমিটির সভা ১৬/০৭/২০১৯ খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে অনুষ্ঠিত হবে।

আপনাকে যথা সময়ে সভায় উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচীঃ

১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।

২। অনুমোদিত ০৭ (সাত)টি বস্তিতে ভৌত কাজের অগ্রগতি প্রসঙ্গে আলোচনা।

৩। দারিদ্র হ্রাসকরণ কর্ম-পরিকল্পনা (PRAP) বাস্তবায়নের লক্ষ্যে ২০১৯-২০ অর্থ বছরে ত্রৈমাসিক ভিত্তিতে বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন প্রসঙ্গে।

৫। বিবিধ।

(মোঃ বিপুল খান)<br>
সভাপতি<br>
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি<br>
(অতিরিক্ত স্থায়ী কমিটি)<br>
ও কাউন্সিলর, ওয়ার্ড নং-০৬<br>
জয়পুরহাট পৌরসভা।

প্রাপকঃ

..............................................................

সদস্য/প্রতিনিধি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটি (অতিরিক্ত স্থায়ী কমিটি)<br>
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

**দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটির (অতিরিক্ত স্থায়ী কমিটি) অনুষ্ঠিত সভার কার্যবিবরনীঃ-**

সভাপতি ঃ জনাব মোঃ বিপুল খান, কাউন্সিলর, ওয়ার্ড নং-৬, জয়পুরহাট পৌরসভা।
সভার স্থান ঃ পৌরসভা মিলনায়তন।
তারিখ ঃ ১৬/০৭/২০১৯খ্রিঃ।
রোজ ঃ মঙ্গলবার।
সময় ঃ বেলা ১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর ।

| ক্রঃনং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ২ | মোঃ বিপুল খান | কাউন্সিলর, ওয়ার্ড নং-৬, জয়পুরহাট পৌরসভা | সভাপতি | স্বাক্ষরিত |
| ৩ | মিসেস রোজী বেগম | কাউন্সিলর, সংরক্ষিত-১, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ৪ | মোছাঃ ফেন্সী আরা | কাউন্সিলর, সংরক্ষিত-৩, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ৫ | মোঃ দেওয়ান ইকবাল হোসেন | কাউন্সিলর, ওয়ার্ড নং-৫, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ৬ | এ টি এম মোস্তাফিজুর রহমান | নির্বাহী প্রকৌশলী, জয়পুরহাট পৌরসভা | প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ৭ | মোছাঃ শাহানাজ বেগম | সমাজ সেবী | দরিদ্র শ্রেণির প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ৮ | মোছাঃ মর্জিনা বেগম | সমাজ সেবী | দরিদ্র শ্রেণির প্রতিনিধি | স্বাক্ষরিত |

**আলোচ্য বিষয় ঃ ১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।**

**আলোচনা** ঃ- গত ১৮/০৬/২০১৯ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

**সিদ্ধান্ত** ঃ- গত **১৮/০৬/২০১৯** খ্রিঃ তারিখে সভার কার্যবিবরনী যথাযথভাবে লিপিবদ্ধ হওয়ায় কোনরূপ সংশোধনী ছাড়াই তা সর্ব সম্মতিক্রমে দৃঢ়করণ করা হলো।

**আলোচ্য সূচী-৩। অনুমোদিত ০৭ (সাত)টি বস্তিতে ভৌত কাজের অগ্রগতি প্রসঙ্গে আলোচনা।**

আলোচনাঃ আলোচ্য বিষয়ে সভাপতি মহোদয় চলমান বস্তি উন্নয়ন কাজের সর্বশেষ অগ্রগতি সম্পর্কে সভায় তথ্য উপস্থাপনের জন্য এ কমিটির সদস্য সচিব ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা কে অনুরোধ করলে, মোঃ হাসানুজ্জমান, বস্তি উন্নয়ন কর্মকর্তা ০৭ টি বস্তির সর্বশেষ কাজের অগ্রগতি তুলে ধরেন।

তাঁতীপাড়া বস্তিতে ২ টি ডবল টয়লেট, ১৭ টি সিঙ্গেল টয়লেটের মধ্যে ১৪ টি সিঙ্গেল টয়লেটের কাজ চলমান আছে। এই ১৪ টি টয়লেটের গাথুনী সহ ছাদ নির্মাণ হয়েছে । এছাড়া প্রায় ২০০ মিটার ড্রেন নির্মাণ হয়েছে। সে হিসেবে ইঞ্জিনিয়ারের তথ্য অনুযায়ী এই প্রায় ১৬% কাজ সম্পন্ন হয়েছে।

রইচপাড়া মুহিত পুকুরপাড় বস্তিতে ১০ টি সিঙ্গেল টয়লেটের মধ্যে ০৮ টি সিঙ্গেল টয়লেটের কাজ চলমান আছে। এই ০৮ টি টয়লেটের মধ্যে ০৬ টির গাথুনী সহ ছাদ নির্মাণ হয়েছে । আর ০২ টি টয়লেটের লং কলাম ও ওয়াল গাথুনী পর্যন্ত নির্মিত হয়েছে। এছাড়া প্রায় ১৫ মিটার ড্রেন নির্মাণ হয়েছে এবং ১৯০ মিটার ফুটপাতের গাইড ওয়ালসহ বালু ফিলিং করা হয়েছে। সে হিসেবে ইঞ্জিনিয়ারের তথ্য অনুযায়ী এই প্রায় ১৯% কাজ সম্পন্ন হয়েছে।

যমুনা বাঁধপাড়া বস্তিতে ১৬ টি সিঙ্গেল টয়লেটের মধ্যে ১০ টি সিঙ্গেল টয়লেটের কাজ চলমান আছে। এই ১০ টি টয়লেটের মধ্যে ০৮ টির গাথুনী সহ ছাদ নির্মাণ হয়েছে ও ৫টি সেপটিক ট্যাংক এর নিচের গাথুনী হয়েছে । আরও ০৪ টি টয়লেটের লং কলাম পর্যন্ত নির্মিত হয়েছে। ৪০০ মিটার ফুটপাতের গাইড ওয়াল হয়েছে। সে হিসেবে ইঞ্জিনিয়ারের তথ্য অনুযায়ী এই প্রায় ১৬% কাজ সম্পন্ন হয়েছে।

তাজুর মোড় বস্তিতে ০১টি ডবল টয়লেট, ১৩ টি সিঙ্গেল টয়লেটের মধ্যে ০৭ টি সিঙ্গেল টয়লেটের কাজ চলমান আছে। এই ০৭ টি টয়লেটের লং কলাম নির্মিত হয়েছে। ৪২ মিটার ফুটপাতের গাইড ওয়ালসহ বালু ফিলিং করা হয়েছে ও ৩০ মিটার ফুটপাত নির্মিত হয়েয়ে। সে হিসেবে ইঞ্জিনিয়ারের তথ্য অনুযায়ী এই প্রায় ১৪% কাজ সম্পন্ন হয়েছে।

বিশ্বাসপাড়া রেল কলোনী বস্তিতে ০৩ টি ডবল টয়লেট, ১০ টি সিঙ্গেল টয়লেটের মধ্যে ০৯ টি সিঙ্গেল টয়লেটের কাজ চলমান আছে। এই ১০ টি টয়লেটের মধ্যে ০৭ টির গাথুনী সহ ছাদ নির্মাণ হয়েছে । আর ০৩ টি টয়লেটের লং কলাম ও ওয়াল গাথুনী পর্যন্ত নির্মিত হয়েছে। এছাড়া প্রায় ১০ মিটার ড্রেন নির্মাণ হয়েছে এবং ৪০ মিটার ফুটপাত নির্মিত হয়েছে। সে হিসেবে ইঞ্জিনিয়ারের তথ্য অনুযায়ী এই প্রায় ১৪% কাজ সম্পন্ন হয়েছে।

চিনিকল হরিজন কলোনী বস্তিতে ০৬ টি ডবল টয়লেট, ০২ টি সিঙ্গেল টয়লেটের মধ্যে ০৪টি ডবল টয়লেটের কাজ চলমান আছে। এই ০৪টি ডবল টয়লেটের মধ্যে ০৪ টির গাথুনী সহ ছাদ ও ০১টি সিঙ্গেল টয়লেটের লং কলাম নির্মাণ হয়েছে । ১৫ মিটার ফুটপাতের গাইড ওয়ালসহ বালু ফিলিং করা হয়েছে । সে হিসেবে ইঞ্জিনিয়ারের তথ্য অনুযায়ী এই প্রায় ১৫% কাজ সম্পন্ন হয়েছে।

বঙ্গবন্ধুপাড়া বস্তিতে ১১ টি সিঙ্গেল টয়লেটের মধ্যে ০৫টি সিঙ্গেল টয়লেটের কাজ চলমান আছে। এই ৫টি সিঙ্গেল টয়লেটের লং কলাম নির্মাণ হয়েছে । সে হিসেবে ইঞ্জিনিয়ারের তথ্য অনুযায়ী এই প্রায় ৮% কাজ সম্পন্ন হয়েছে।

**সিদ্ধান্ত ঃ-** বস্তি উন্নয়ন এর ভৌত কাজ সমূহ মানসম্মতভাবে বাস্তবায়নের জন্য এ কমিটির সদস্য ও সংশিষ্ট ওয়ার্ড কাউন্সিলর গণ নিয়মিত পরিদর্শন করবেন এবং প্রতিটি বস্তিতে রক্ষিত পরিদর্শন রেজিষ্টারে মতামত লেখবেন মর্মে সিদ্ধান্ত গ্রহন কর হলো।

**ত<u>নং আলোচ্য বিষয় ঃ দারিদ্র হ্রাসকরণ কর্ম-পরিকল্পনা</u>** <u>(PRAP) বাস্তবায়নের লক্ষ্যে ২০১৯-২০ অর্থ বছরে ত্রৈমাসিক ভিত্তিতে বার্ষিক</u> কর্মপরিকল্পনা প্রণয়ন প্রসঙ্গে।

<u>আলোচনাঃ</u> আলোচ্য বিষয়ে আলোচনা কালে সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে এ কমিটির সাচিবিক দায়িত্বে নিয়োজিত ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা মোঃ হাসানুজ্জামান বলেন, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) নির্দেশনা মোতাবেক জয়পুরহাট পৌরসভার জেন্ডার এ্যাকশন প্ল্যান (PRAP)) বাস্তবায়নের লক্ষ্যে ২০১৯-২০২০ অর্থ বছরে ত্রৈমাসিক বিভাজনের ভিত্তিতে বার্ষিক কর্মপরিকল্পনা প্রস্তুত করে প্রকল্প অফিসে প্রেরণ বাধ্যবাধকতা রয়েছে। বিষয়টি নিয়ে উপস্থিত সদস্যগণ নিম্নোক্ত ভাবে আলোচনা করেন।

মোছাঃ ফেন্সী আরা, কাউন্সিলর (সংরক্ষিত-০৩) জয়পুরহাট পৌরসভা ও সদস্য, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি বলেন, জয়পুরহাট পৌরসভার PRAP বাস্তবায়নের জন্য প্রস্তুতকৃত দীর্ঘ মেয়াদী পরিকল্পনার আলোকে ত্রৈমাসিক ভিত্তিতে বার্ষিক কর্ম-পরিকল্পনা প্রস্তুতের লক্ষ্যে খসড়া কর্ম-পরিকল্পনা করে তা পরিবর্তী কমিটি সভায় উপস্থাপন করার বিষয়ে মতামত প্রদান করেন।

মোঃ ইকবাল হোসেন, কাউন্সিলর, ওয়ার্ড নং-০৫, জয়পুরহাট পৌরসভা ও সদস্য, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি বলেন, জয়পুরহাট পৌরসভার আগামী ০১ (এক) বছরের জন্য দারিদ্র হ্রাসকরন কর্ম-পরিকল্পনা প্রনয়ন বিষয়টি গুরত্বপূর্ণ বিধায় মেয়র মহোদয়ের সাথে সময় নিয়ে আলোচনা করে কর্ম-পরিকল্পনা প্রনয়ন করলে তা বাস্তবায়নের ক্ষেত্রে সহজ হবে।

মোছাঃ শাহানাজ বেগম, প্রতিনিধি (দরিদ্র শ্রেণী), দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি সভায় বলেন, দারিদ্র হ্রাসকরনের অন্যতম হাতিয়ার হলো দরিদ্র মানুষের কর্মসংস্থান সুযোগ সৃষ্টি করা । আর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করার জন্য ব্যাপক কর্মসংস্থানমূখী প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহন করতে হবে। তাই কর্ম-পরিকল্পনায় ব্যাপক কর্মসংস্থানমূখী প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা রাখার জন্য অনুরোধ জানান।

**সিদ্ধান্ত ঃ** ২০১৯-২০ অর্থ বছরে জয়পুরহাট পৌরসভার PRAP বাস্তবায়নের জন্য ত্রৈমাসিক ভিত্তিতে বার্ষিক কর্ম-পরিকল্পনা প্রস্তুতের লক্ষ্যে কমিটির সদস্যদের সাথে বিস্তারিত আলোচনা করে খসড়া কর্ম-পরিকল্পনা প্রনয়নের জন্য এ কমিটির সদস্য সচিব জনাব মোঃ হাসানুজ্জামান ও UGIIP-III প্রকল্পের এলসিডিএ জনাব মোঃ নুর মোহাম্মদ কে দায়িত্ব প্রদান করা হলো এবং আগামী মাসিক সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।

**সিদ্ধান্ত ঃ** পৌরসভার কর্মচারীদের আউট সোসিং বিষয়ে প্রশিক্ষন দেওয়ার জন্য সচিব(ভাঃ) সাথে আলোচনা করে,প্রশিক্ষণার্থী নির্বাচন করে অফিস আদেশ করার সিদ্ধান্ত গ্রহন করেন।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে পুনরায় ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

**(মোঃ বিপুল খান)**
সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি
(অতিরিক্ত স্থায়ী কমিটি)
ও কাউন্সিলর, ওয়ার্ড নং-০৬
জয়পুরহাট পৌরসভা।

স্মারক নং-জঃপৌঃসঃ/প্রকৌঃ/২০১৯-২০/৪০

তারিখ- ২৫/৫/২০২০ইং

<u>**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ**</u>

১। মেয়র, জয়পুরহাট পৌরসভা
২। জনাব/জনাবা ........................................................ সদস্য
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি (অতিরিক্ত স্থায়ী কমিটি)
৩। অফিস নথি।

**(মোঃ বিপুল খান)**
সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি
(অতিরিক্ত স্থায়ী কমিটি)
ও কাউন্সিলর, ওয়ার্ড নং-০৬
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়

## জয়পুরহাট।

জয়পুরহাট পৌরসভার দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটির (অতিরিক্ত স্থায়ী কমিটি) সভায় উপস্থিত সম্মানিত সদস্য বৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর নিম্নরূপ- (স্বাক্ষরের ক্রমানুসারে)

সভাপতি ঃ জনাব মোঃ বিপুল খান, কাউন্সিলর, সংরক্ষিত-৬, জয়পুরহাট পৌরসভা।
সভার স্থান ঃ পৌর মিলনায়তন।
তারিখ ঃ ১৬/০৭/২০১৯ ইং।
রোজ ঃ মঙ্গলবার।
সময় ঃ ১১.০০ ঘটিকা।

| ক্রঃনং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ২ | মোঃ বিপুল খান | কাউন্সিলর, ওয়ার্ড নং-৬, জয়পুরহাট পৌরসভা | সভাপতি | [signature] |
| ৩ | মিসেস রোজী বেগম | কাউন্সিলর, সংরক্ষিত-১, জয়পুরহাট পৌরসভা | সদস্য | [signature] |
| ৪ | মোছাঃ ফেন্সী আরা | কাউন্সিলর, সংরক্ষিত-৩, জয়পুরহাট পৌরসভা | সদস্য | [signature] |
| ৫ | মোঃ দেওয়ান ইকবাল হোসেন | কাউন্সিলর, ওয়ার্ড নং-৫, জয়পুরহাট পৌরসভা | সদস্য | [signature] |
| ৬ | এ টি এম মোস্তাফিজুর রহমান | নির্বাহী প্রকৌশলী(ভাঃ) জয়পুরহাট পৌরসভা | প্রতিনিধি | [signature] |
| ৭ | মোছাঃ শাহানাজ বেগম | সমাজ সেবী | দরিদ্র শ্রেণির প্রতিনিধি | [signature] |
| ৮ | মোছাঃ মর্জিনা বেগম | সমাজ সেবী | দরিদ্র শ্রেণির প্রতিনিধি | [signature] |